

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
স্টেশন রোড, টংগী, গাজীপুর।  
[www.spst.gov.bd](http://www.spst.gov.bd)

স্মারক নং- সকম/শাপ্রসুট্রাস্ট/ টি-৭১ /২০২৪ /১৩৬০

১০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখঃ -----  
২৪ মার্চ ২০২৪ খ্রীষ্টাব্দ

বিষয়ঃ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়াদীন শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্পের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে।


এমতাবস্থায়, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট মৈত্রী শিল্পের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি :

১। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নের হুক

সচিব  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ  
মোঃ মাসুদুল হক ভূঁইয়া  
সিস্টেম এনালিস্ট  
সমাজকল্যাণ মন্ত্রণালয়




নির্বাহী পরিচালক  
শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প  
ফোন: +৮৮-০২-২২৪৪১৩২৭৯  
E-mail: maitrishilpa@yahoo.com

**স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নের ছক**

স্বল্পমেয়াদী (৬-১২ মাসের মধ্যে বাস্তবায়নযোগ্য) / মধ্যমেয়াদী (১২-১৮ মাসের মধ্যে বাস্তবায়নযোগ্য) / দীর্ঘমেয়াদী

ক্রম	গৃহীত/প্রস্তাবিত স্মার্ট উদ্যোগের নাম	স্মার্ট উদ্যোগের সংক্ষিপ্ত ধারণা/বিবরণ	স্মার্ট উদ্যোগ বাস্তবায়নকারী দপ্তর/সংস্থার নাম	স্মার্ট উদ্যোগ বাস্তবায়নে সহযোগী/অংশীজন সংস্থার নাম	উদ্যোগটির মাধ্যমে যে সমস্যার সমাধান হবে	স্মার্ট উদ্যোগটির উপকারভোগী	বাস্তবায়নকাল
১.	শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্পের মানব সম্পদ ব্যবস্থাপনা ও হিসাব ব্যবস্থাপনা এন্টারপ্রাইজ রিসোর্স প্ল্যানিং (ERP) সফটওয়্যারের মাধ্যমে অটোমেশন	মৈত্রী শিল্পের হিসাব ব্যবস্থাপনা অধিকতর স্বচ্ছ ও যুগপোযোগী করার লক্ষ্যে ডিজিটাইজেশন কর্মসূচী হাতে নেয়া হয়েছে। মানব সম্পদ ব্যবস্থাপনা ও হিসাব ব্যবস্থাপনা এন্টারপ্রাইজ রিসোর্স প্ল্যানিং (ERP) সফটওয়্যারের মাধ্যমে অটোমেশন করা হলে তথ্য এন্ট্রি, হিসাব ব্যবস্থাপনা ও রিপোর্টিং সহজতর এবং দ্রুততর হবে যা প্রতিষ্ঠানের কাজের গতিশীলতা বৃদ্ধি এবং আধুনিক করে। ERP সফটওয়্যারটি আর্থিক লেনদেন ট্র্যাক করতে এবং হিসাব রেকর্ড বজায় রাখা, নগদ প্রবাহ উন্নত করা এবং ভ্যাট ট্যাক্স সহ সকল হিসাব পরিচালনা করতে সাহায্য করতে পারে। এছাড়াও, মানব সম্পদ ব্যবস্থাপনা অটোমেশনের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের ডাটাবেজ তৈরী, দৈনিক হাজিরা, কর্মদক্ষতা মূল্যায়ন এবং পর্যবেক্ষণ করে এবং কর্মচারীদের ওভারটাইম ভাতা কাজগুলিকে স্বয়ংক্রিয় করতে পারে এবং উন্নত বিশ্লেষণ এবং রিপোর্টিং ক্ষমতা প্রদান করতে পারে। এই সিস্টেমটি রিয়েল টাইম ডেটা এবং বিশ্লেষণ সরবরাহ করতে পারে যা প্রতিষ্ঠানকে সুচিন্তিত সিদ্ধান্ত নেওয়া, পরিচালনীয় খরচ কমানো এবং কার্যক্রম পরিচালনা অধিকতর ফলপ্রসূ করার ক্ষেত্রে সাহায্য করতে পারে।	শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প		১। কর্মচারী ব্যবস্থাপনা, হিসাব ব্যবস্থাপনা, বিক্রয় ব্যবস্থাপনা, ইনভেন্টরি ব্যবস্থাপনা ডিজিটাইজেশন ২। কর্মচারী ব্যবস্থাপনা, হিসাব ব্যবস্থাপনা, বিক্রয় ব্যবস্থাপনা, ইনভেন্টরি ব্যবস্থাপনা মনিটরিং ৩। হিসাব ব্যবস্থাপনায় অধিকতর স্বচ্ছতা ও গতিশীলতা আনয়ন। ৪। রিয়েল টাইম ডেটা বিশ্লেষণ ও ডিসিশন মেকিং	শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্পের কর্মকর্তা/কর্মচারী ও সকল স্টেক হোল্ডার।	৩০ জুন ২০২৪ এর মধ্যে বাস্তবায়ন করা হবে।
২.	প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়নের লক্ষ্যে মুক্তা ড্রিংকিং ওয়াটারের বাজার সম্প্রসারণে সম্পূর্ণ অটোমেটিক ওয়াটার প্লান্ট স্থাপন কর্মসূচী।	ম্যানুয়েল পদ্ধতিতে উৎপাদন ব্যবস্থায় সম্প্রসারিত মুক্তা পানির বাজার সম্প্রসারণ ও বাজারে প্রচলিত অন্যান্য বোতলজাত পানির সাথে প্রতিযোগিতায় টিকে থাকার জন্য সহায়ক নয়। মুক্তা পানির চাহিদা ও উৎপাদন ব্যবস্থার সমন্বয়সহ বাজার সম্প্রসারণের জন্য এর অটোমেশন তথা আধুনিকায়নের কোন বিকল্প নেই। মুক্তা ড্রিংকিং ওয়াটারের বাজার সম্প্রসারণ, আধুনিকায়ন ও টেকসই উন্নয়নের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে সম্পূর্ণ অটোমেটিক ওয়াটার প্লান্ট স্থাপন অতীব জরুরী।			১. মুক্তা ড্রিংকিং ওয়াটারের উৎপাদন বৃদ্ধি ও বাজার সম্প্রসারণ করা; ২. প্রতিবন্ধী ব্যক্তিগণকে উৎপাদনমুখী কার্যক্রমে সম্পৃক্তকরণের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা; ৩. প্রতিবন্ধী ব্যক্তিগণকে উৎপাদনমুখী কার্যক্রমে নিয়োজিত করে প্রতিবন্ধী ব্যক্তিদের জীবন মান উন্নয়নের মাধ্যমে তাদের সমাজের মূলস্রোতে অর্ন্তভুক্ত করা।	শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্পের কর্মকর্তা/কর্মচারী ও সকল স্টেক হোল্ডার।	৩০ জুন ২০২৫ এর মধ্যে বাস্তবায়ন করা হবে।

  
 ১৫.০৬.২০২৫